প্রথম আলো

তারিখ 14 AUG 2008
পৃষ্ঠা 2 কলাম ৩

# এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন পরীক্ষা ১৭ ও ১৮ অক্টোবর

এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগের যোগ্যতা অর্জনের লক্ষ্যে চতুর্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষা আগামী ১৭ ও ১৮ অক্টোবর দেশের ২০টি জেলা শহরে অনুষ্ঠিত হবে। নির্ধারিত জেলাগুলো হলো দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙামাটি। খবর তথ্য বিবরণীর।

পরীক্ষার ফরম, সিলেবাস ও প্রার্থীর তথ্য ফরম (সিআইএফ) বিভাগীয় ও জেলা শহরগুলোর অগ্রণী ব্যাংকের প্রধান শাখাগুলোয় ১৩ থেকে ২৭ আগস্ট পাওয়া যাবে। পূরণ করা ফরম ২৮ আগস্টের মধ্যে অগ্রণী ব্যাংকের একই শাখায় জমা দিতে হবে।

১৭ অক্টোবর সকাল নয়টা থেকে ১২টা পর্যন্ত স্কুল পর্যায়ের আবশ্যিক বিষয় ও বেলা দুইটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ঐচ্ছিক বিষয় এবং ১৮ অক্টোবর সকাল নয়টা থেকে ১২টা পর্যন্ত কলেজ পর্যায়ের আবশ্যিক বিষয় ও বেলা দুইটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে বিস্তারিত তথ্য বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ঠিকানা www.ntrca.gov.bd।